

# সূত্র

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৮:০২ এএম

সারাদেশ

## ‘ভিসিকে কেন নামাইলি’ বলেই কুয়েট শিক্ষার্থীদের ওপর হামলা



খুলনা ব্যুরো

প্রকাশ: ২৭ এপ্রিল ২০২৫, ০১:২১ এএম



‘ভিসি তোদের অভিভাবক, ভিসিকে কেন নামাইলি’, বলেই খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) চার শিক্ষার্থীর ওপর হামলা করেছে বহিরাগত ১০-১৫ জনের একটি দল।

এতে তাদের শরীরের বিভিন্ন অংশ কেটে ও খেতলে গেছে। বর্তমানে তারা কুয়েট মেডিকেল সেন্টারে চিকিৎসাধীন।

শনিবার রাত ৮টার দিকে ফুলবাড়ী গেট বাসস্ট্যান্ড এলাকায় এ ঘটনা ঘটে। এতে চার শিক্ষার্থী আহত হন। আহতরা হলেন মোহন, শেখ মুজাহিদ, গালিব রাহাত ও মো. ওবায়দুল্লাহ।

আহত শিক্ষার্থীরা জানান, রাত ৮টার দিকে তারা ফুলবাড়ী গেট বাসস্ট্যান্ড এলাকায় একটি ফুচকার দোকানে ফুচকা খেতে যান। সেখানে ১০-১২ জন বহিরাগত তাদেরকে ডেকে একটি রুমে নিয়ে যান। একপর্যায়ে তারা শিক্ষার্থীদের মারধর শুরু করেন। মারধরের সময় তারা বলেন, ‘ভিসি তোদের অভিভাবক, ভিসিকে কেন নামাইলি।’

এরপর শিক্ষার্থীরা আহত অবস্থায় ক্যাম্পাসে এসে মেডিকেল সেন্টারে ভর্তি হন।

এ হামলাকে কেন্দ্র করে নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে জানিয়েছেন শিক্ষার্থীরা।

এ বিষয়ক খাদান আলী থানার ওসি কবির হোসেন বলেন, দুর্বৃত্তদের গ্রেফতারের একাধিক টিম মাঠে নামানো হয়েছে।